

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC-101T/354

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI

(Honours)

(1st Semester)

Course No. : BNGHCC-101T

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর

দাও :

২×১০=২০

UNIT—I

১। প্রাচীন বাংলার নিদর্শনটির নাম কী? গ্রন্থটির প্রকাশকাল কত?

২। 'চর্যাপদ'-এর পুথিটি কে, কোথা থেকে আবিষ্কার করেছিলেন?

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির প্রকৃত নাম কী ছিল বলে পণ্ডিতদের অনুমান? গ্রন্থটিতে কয়টি খণ্ড রয়েছে?

24J/353

(Turn Over)

UNIT—II

- ৪। বৈষ্ণব পদকর্তা বিদ্যাপতি কোন্ রাজ্যের সুহৃদ ছিলেন? কোন্ কবিকে তাঁর ভাবশিষ্য বলা হয়?
- ৫। পদাবলীর চণ্ডীদাস কোথাকার কবি হিসেবে পরিচিত? তাঁর সাধন-সঙ্গিনী বা প্রেমিকা হিসেবে কার নাম উল্লিখিত হয়?
- ৬। 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটির রচয়িতা কে? গ্রন্থটিতে কয়টি খণ্ড রয়েছে?

UNIT—III

- ৭। 'চণ্ডীমঙ্গল' কাব্য-এর শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যটি কী নামে পরিচিত?
- ৮। 'মনসামঙ্গল' কাব্য-এর আদিকবি কে? যে কোনো একজন পূর্ববঙ্গের 'মনসামঙ্গল' কাব্য-এর রচয়িতার নাম লেখো।
- ৯। 'অন্নদামঙ্গল' কাব্য-এর কবি কে? তাঁকে 'রায়গুণাকর' উপাধি কে দিয়েছিলেন?

UNIT—IV

- ১০। কৃষ্ণিবাসের পিতার নাম কী ছিল? তাঁর পূর্বপুরুষ নরসিংহ ওঝার নিবাস কোথায় ছিল?
- ১১। 'মহাভারত'-এর প্রথম অনুবাদক কে? তিনি কার রাজত্বকালে 'মহাভারত' রচনা করেছিলেন?

- ১২। মধ্যযুগের একমাত্র মহিলা অনুবাদকের নাম কী? তিনি কী অনুবাদ করেছিলেন?

UNIT—V

- ১৩। ‘শাক্তপদাবলী’ কোন্ শতকের কবিতা? কবি রামপ্রসাদ সেন ব্যতীত যে কোনো একজন শাক্তপদকর্তার নাম লেখো।
- ১৪। দৌলত কাজী রচিত কাব্যটির নাম কী? তাঁর রচিত অসমাপ্ত কাব্যটি কে সম্পূর্ণ করেন?
- ১৫। সৈয়দ আলাওল রচিত যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

UNIT—I

- ১৬। তোমার পঠিত ‘চর্যাপদ’ গ্রন্থটির ঐতিহাসিক মূল্য নিরূপণ করো।
- ১৭। বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটির একটি সামগ্রিক পরিচয় তুলে ধরো।

UNIT—II

- ১৮। কবি বিদ্যাপতির সংক্ষিপ্ত পরিচয় উল্লেখ করে তাঁর কবিকৃতির বৈশিষ্ট্য আলোচনা করো।
- ১৯। বাংলায় রচিত প্রথম চৈতন্য-জীবনীগ্রন্থ কোনটি? এই গ্রন্থটি সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

UNIT—III

- ২০। 'মনসামঙ্গল' কাব্যধারার কবি বিজয়গুপ্ত অথবা নারায়ণ দেব-এর কবিকৃতি সম্পর্কে আলোচনা করো।
- ২১। 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি নুকুন্দরাম চক্রবর্তীর 'অভয়ামঙ্গল' কাব্যটি সম্পর্কে একটি সংক্ষিপ্ত আলোচনা প্রস্তুত করো।

UNIT—IV

- ২২। 'রামায়ণ'-এর শ্রেষ্ঠ অনুবাদক কৃষ্ণবাস ওঝার কাব্য-প্রতিভার পরিচয় দাও।
- ২৩। 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক সম্পর্কে যা জান লেখো।

UNIT—V

- ২৪। শাক্তপদাবলী সাহিত্যের প্রসিদ্ধ কবি রামপ্রসাদ সেন রচিত পদগুলির একটি রসগ্রাহী বিশ্লেষণ প্রস্তুত করো।
- ২৫। আরাকান রাজসভার কবি সৈয়দ আলাওলের কবি-প্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

★ ★ ★